



তথ্যবিবরণী

নম্বর-২৯০

ভূমিসেবা সপ্তাহ উদযাপন উপলক্ষে প্রেস কনফারেন্স

রাজশাহী; ২৩ জ্যৈষ্ঠ (০৬ জুন):

আগামী ৮ জুন (শনিবার) হতে ১৪ জুন (শুক্রবার) পর্যন্ত সারাদেশে ভূমিসেবা সপ্তাহ-২০২৪ উদযাপিত হবে। এবারের প্রতিপাদ্য- 'স্মার্ট ভূমিসেবা, স্মার্ট নাগরিক'। রাজশাহীতে ভূমিসেবা সপ্তাহ উদযাপন উপলক্ষে বিভাগীয় কমিশনার কার্যালয় আজ বৃহস্পতিবার (৬ জুন) সকাল কমিশনারের কার্যালয় সম্মেলন কক্ষে এক প্রেস কনফারেন্সের আয়োজন করে। প্রেস কনফারেন্সে বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর ভূমিসেবা সপ্তাহ উদযাপন বিষয়ক বিভিন্ন তথ্য সাংবাদিকদের নিকট উপস্থাপন করেন।

বিভাগীয় কমিশনার বলেন, ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে রাজশাহী বিভাগের ৮টি জেলা, ৬৭টি উপজেলা, ১টি থানা ভূমি অফিস, ৪২৫টি ইউনিয়ন ভূমি অফিস ও ২৩টি পৌর ভূমি অফিসে সপ্তাহব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এসব ভূমি অফিসে ভূমি সেবা ও তথ্য বুথ স্থাপন করে সাধারণ মানুষকে ভূমিসেবা দেয়া হবে। দীর্ঘদিন ধরে জমে থাকা ভূমি সংক্রান্ত সমস্যার সমাধান দেয়া হবে। এছাড়াও সপ্তাহব্যাপী অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানের রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম, ই-নামজারি আবেদন গ্রহণ, নিষ্পত্তিকৃত এলএ কেইসের ক্ষতিপূরণের চেক প্রদান, ভূমিহীনদের মধ্যে বন্দোবস্তকৃত কৃষি খাস জমির কবুলিয়ত ও দলিল হস্তান্তর, অনলাইনে খতিয়ানের সার্টিফাইড কপি প্রাপ্তির আবেদন গ্রহণ ও তাৎক্ষণিকভাবে তা সরবরাহকরণ, অনলাইনে ডিসিআর ও খতিয়ান ইত্যাদি সেবাসমূহ প্রদানের ব্যবস্থা, চলমান জরিপ কার্যক্রম বিষয়ে গণশুনানী, আপত্তি ও আপিল দাখিল ও নিষ্পত্তির কার্যক্রম এবং মাঠ পর্চা, রেকর্ড হস্তান্তর, অনলাইনে আবেদনকৃত মৌজা ম্যাপ ডাক বিভাগের মাধ্যমে সরবরাহ, ভূমি সেবা বিষয়ে নাগরিকের জিজ্ঞাসার জবাব প্রদানসহ নাগরিকগণকে সেবা-বুথ স্থাপনের মাধ্যমে সরাসরি বিভিন্ন ভূমিসেবা প্রদানের ব্যবস্থা থাকবে।

হুমায়ূন কবীর বলেন, 'ভিশন-২০৪১ এর উদ্দেশ্য পূরণকল্পে স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভর্নেন্স নামক ৪টি পিলার সম্বলিত স্মার্ট বাংলাদেশের স্বপ্নপূরণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক উদ্বোধনকৃত স্মার্ট ভূমিসেবার মূল অংশীজন হিসেবে দেশের জনগণকে সম্পৃক্ত করা, স্মার্ট ভূমিসেবা বিষয়ে সবাইকে পুঞ্জানুপুঞ্জভাবে অবগত করা এবং ভূমিসেবা পাওয়ার ক্ষেত্রে নাগরিকের নিজ অধিকারের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করাই এবারের ভূমিসেবা সপ্তাহের মূল লক্ষ্য।'

বিভাগীয় কমিশনার আরও বলেন, ভূমিসেবা সপ্তাহ উদযাপন উপলক্ষে ভূমিসেবা বিষয়ে প্রচারণা কার্যক্রমের অংশ হিসেবে স্থানীয় ক্যাবল নেটওয়ার্ক ব্যবহার, গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার স্থাপন, ভূমি প্রশাসনের বিভিন্ন পর্যায় হতে সোশ্যাল মিডিয়ায় প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, শিক্ষার্থীদের মধ্যে ভূমি বিষয়ক কুইজ ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হবে।

উল্লেখ্য যে, আগামী শনিবার (০৮ জুন) বোয়ালিয়া থানা ভূমি অফিস চত্বরে জনসচেতনতামূলক সভার মধ্য দিয়ে রাজশাহীতে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে।

কনফারেন্সে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) মো. ইমতিয়াজ হোসেন, জেলা প্রশাসক শামীম আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সরকার অসীম কুমার, সহকারী কমিশনার (ভূমি) বোয়ালিয়া জুয়েল আহমেদ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

পরে একইস্থানে 'ভূমিহীন-গৃহহীন মুক্ত' জেলা ঘোষণা উপলক্ষে প্রেস বিক্ষিৎ অনুষ্ঠিত হয়। প্রেস বিক্ষিৎ এ বিভাগীয় কমিশনার জানান, আগামী ১০ জুন (সোমবার) বগুড়া জেলার শেরপুর উপজেলা ও সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলাকে ভূমিহীন-গৃহহীন মুক্ত ঘোষণার মধ্য দিয়ে রাজশাহী বিভাগ ভূমিহীন-গৃহহীন মুক্ত হবে।

উল্লেখ যে, ইতোপূর্বে মুজিববর্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ভূমিহীন-গৃহহীন সকল (ক-শ্রেণি) পরিবারকে পুনর্বাসনের মাধ্যমে রাজশাহী বিভাগের ৬৭ টি উপজেলার মধ্যে ৬৫ টি উপজেলাকে ভূমিহীন-গৃহহীন মুক্ত উপজেলা হিসেবে ঘোষণা করা হয়েছে।

.....

তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৬.৫০